

# এসএসসির ফলাফলে সব দিক থেকে পিছিয়ে দিনাজপুর শিক্ষা বোর্ড

দিনাজপুর প্রতিনিধি



ছবি: কালের কঠ

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের প্রকাশিত

এসএসসি পরীক্ষার ফলাফলে এবার পাসের হার জিপিএ-৫

কমেছে। শতভাগ পাসকৃত স্কুলের সংখ্যা ও অনুপস্থিত বেড়েছে।

এবার দিনাজপুর শিক্ষা বোর্ডে জিপিএ-৫ কম পেয়েছে ১৫ হাজার

৬২ জন, আর ফেল করেছে ৬০ হাজার হাজার ৮৮ জন।

## পড়ুন



‘আপাতত সিনেমা, ওটিটিতেই কাজ করতে চাই’

ফলাফলের পরিসংখ্যানে জানানো হয়, এবারে এই বোর্ডের

অধীনে ৮টি জেলার ২ হাজার ৭৮২টি প্রতিষ্ঠানের মোট এক লাখ

৮২ হাজার ২৩৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে।

তাদের মধ্যে এক লাখ ২২ হাজার ৩৪ জন পরীক্ষার্থী পাস করে।

মোট পাসের হার ৬৭.৩ শতাংশ। ফেল করেছে ৬০ হাজার ৮৮

জন।

এবারে এই বোর্ড থেকে ১৫ হাজার ৬২ জন জিপিএ-৫ পেয়েছে।

যা গত বারের চেয়ে ৩ হাজার ৪৩ জন কম। জিপিএ-৫ পাওয়া

১৫ হাজার ৬২ জনের মধ্যে ছাত্রী ৭ হাজার ৫৪৬ জন এবং ছাত্র

পেয়েছে ৭ হাজার ৫১৬ জন।

২৪

ভালো ফলাফলে উচ্ছ্বসিত শিক্ষার্থীরা



এবারের পরীক্ষায় মোট ৫৯ জন শিক্ষার্থী বহিক্ষার হয়েছে। যা গত

বার ছিল ৬৬ জন।

শতভাগ পাস করেছে ৪৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরীক্ষার্থী। যা গত

বার ছিল ৭৭টি। সে হিসাবে শতভাগ পাসের ক্ষুলের সংখ্যা ২৯টি

কমে গেছে। এবারে ১৩টি শিক্ষাপ্রতিষ্ঠানে কেউ পাস করেনি। যা

গত বার ছিল ৪টি।

শিক্ষাবোর্ডের পরিসংখ্যান হিসেবে গত ৯ বছরের মধ্যে এবারের

ফলাফল সবচেয়ে খারাপ। ২০১৭ সালে ৮৩.৯৮, ২০১৮ সালে

৭৭.৬২, ২০১৯ সালে ৮৪.১০, ২০২০ সালে ৮২.৭৩, ২০২১

সালে ৯৪.৮০, ২০২২ সালে ৮১.১৬, ২০২৩ সালে ৭৬.৮৭,  
২০২৪ সালে ৭৮.৪৩ শতাংশ পাস করেছিল। এবার ২০২৫ সালে  
পাসের হার ৬৭.৩ শতাংশ। যা গত বারের চেয়ে ১১.১৩ শতাংশ  
কম।

২০২৪ সালে জিপিএ-৫ পেয়েছিল ১৮ হাজার ১০৫ জন। এবার  
পেয়েছে ১৫ হাজার ৬২ জন। যা গত বারের চেয়ে ৩ হাজার ৪৩  
জন কম। সব বিভাগ মিলে মেয়েরা ছেলেদের চেয়ে ভালো  
করেছে।

পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মীর সাজ্জাদ আলী স্বাক্ষরিত মিডিয়ায়  
পাঠানো পরিসংখ্যানে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে।